বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-৪)-১১২৮০ জে, তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: টাঙ্গাইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নেজারত বিভাগে কর্মরত জারীকারক (প্রসেস সার্ভার) জনাব মোঃ খালেকুজ্জামান-এর কিডনী প্রতিস্থাপন চিকিৎসার আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্রঃ জেলা ও দায়রা জজের কার্যালয়, টাঙ্গাইল-এর স্মারক নং-৪০৯ তারিখ-১০.১১.২০২৫ খ্রি ,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ খালেকুজ্জামান টাঙ্গাইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অধীনে নেজারত বিভাগে জারীকারক পদে কর্মরত আছেন। ২০২০ সালে তার শারীরিক অসুস্থতার কারণে তিনি টাঙ্গাইল সোনিয়া ক্লিনিকে যান। তারা তাকে ঢাকায় চিকিৎসা করার পরামর্শ দিলে তিনি আনোয়ার খান মর্ডান হসপিটালে চিকিৎসার জন্য যান। সেখানে তারা তার শরীরে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করে তার CKD পরিলক্ষিত হয়। পরবর্তীতে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন চিকিৎসা নেন। তার শারীরিক অবস্থার ক্রমেই অবনতি হলে তিনি ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজীতে ১৬.০৭.২০২৫ খ্রি. তারিখে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করেন। উক্ত হাসাপাতালে ১৬.০৭.২০২৫ হতে ২০.০৭.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ভর্তি থেকে তার শারীরিক বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করে তার ০২ টি কিডনী ডেমেজ (অকেজো) মর্মে রিপোর্ট প্রদান করেন। ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী এর বিশেষজ্ঞ চিকিৎসকগণ তার ০২ টি কিডনী প্রতিস্থাপন করানোর পরামর্শ দেন। তাছাড়া আপাতঃ সপ্তাহে ০২ টি ডায়ালাইসিস ( প্রতি ডায়ালাইসিস ২,৭০০/- টাকা) গ্রহণের পরামর্শ দেন। তার ০২ টি কিডনী প্রতিস্থাপনে আনুমানিক খরচ ৩০-৩২ লক্ষ টাকা খরচ হতে পারে মর্মে চিকিৎসকগণ তাকে অবগত করেন। তিনি বিচার বিভাগের সর্বনিম্ন বেতনভুক্ত একজন কর্মচারী এবং প্রায় ১৬ বছর যাবত তিনি বিচার বিভাগে সেবা দিয়ে যাচ্ছেন। তিনি তার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তার একটি ছেলে মাদ্রাসায় পড়াশোনা করে এবং একটি ০৪ মাসের কন্য সন্তান রয়েছে। চাকুরির বর্তমান অবস্থায় তার পক্ষে এতগুলো টাকা একত্রে সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। ফলে অভাবে মৃত্যুর মুখে পড়ে তিনি জীবন রক্ষার স্বার্থে জরুরী ভিত্তিতে সকল বিচার বিভাগীয় কর্মকর্তা কর্মচারীগণের নিকট আর্থিক সাহায্যের প্রার্থনা জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, টাঙ্গাইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নেজারত বিভাগে কর্মরত জারীকারক (প্রসেস সার্ভার) জনাব মোঃ খালেকুজ্জামান-এর কিডনী প্রতিস্থাপন চিকিৎসার আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

<u>সংযুক্তি</u>: ০২ (দুই) ফর্দ।

স্বাক্ষরিত/-
(শরীফুল আলম ভূঁঞা)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

<u>সাহায্য পাঠানোর ঠিকানা:</u>
মোঃ খালেকুজ্জামান
সঞ্চয়ী হিসাব নং-৬০০৬১০১০০৫২৯১
সোনালী ব্যাংক লিমিটেড,কোর্ট বিল্ডিং টাঙ্গাইল শাখা ।
মোবাইল নং-০১৭১৮-৮৮৩৯৬০ (বিকাশ পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-৪)-১১২৮০ জে, তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------------ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, --------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------- --------------------------------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ------------------------------ (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

} প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত --------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ......................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল..................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৭৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
নং ২০০০৬ তারিখ 19 NOV 202
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন।
সহকারী রেজিস্ট্রার বিচার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
টাঙ্গাইল।

স্মারক নং- ৪০৯

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেরক ঃ সিনিয়র জেলা ও দায়রা জজ
টাঙ্গাইল।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ টাঙ্গাইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নেজারত বিভাগে কর্মরত জারীকারক(প্রসেস সার্ভার) জনাব মোঃ খালেকুজ্জামান-এর আর্থিক সহায়তা সংক্রান্ত স্ব-ব্যাখ্যায়িত আবেদনপত্র অগ্রগামীকরণ প্রসঙ্গে।

20 NOV 2025

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে টাঙ্গাইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নেজারত বিভাগে কর্মরত জারীকারক(প্রসেস সার্ভার)জনাব মোঃ খালেকুজ্জামান-এর আর্থিক সহায়তা সংক্রান্ত স্ব-ব্যাখ্যায়িত আবেদনপত্র সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে অগ্রগামী করা হলো।

সংযুক্তিঃ-
১। আবেদনপত্রসহ - ০১ সেট।

নিবেদক-

(মোঃ হাফিজুর রহমান)
সিনিয়র জেলা ও দায়রা জজ
টাঙ্গাইল।
১০-১১-২০২৫ খ্রি.

বরাবর
মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় সিনিয়র জেলা জজ ও দায়রা জজ
টাঙ্গাইল।

মাধ্যম ঃ মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

বিষয় ঃ কিডনী প্রতিস্থাপন চিকিৎসায় আর্থিক সহায়তার প্রার্থনা প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী টাঙ্গাইল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অধীনে নেজারত বিভাগে জারীকারক পদে কর্মরত আছি। ২০২০ সালে আমার শারীরিক অসুস্থতার কারণে আমি টাঙ্গাইল সোনিয়া ক্লিনিকে যাই। তারা আমাকে ঢাকায় চিকিৎসা করার পরামর্শ দিলে আমি আনোয়ার খান মর্ডান হসপিটালে চিকিৎসার জন্য যাই। সেখানে তারা আমার শরীরে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করে আমার CKD পরিলক্ষিত হয়। পরবর্তীতে আমি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন চিকিৎসা নেই। আমার শারীরিক অবস্থার ক্রমেই অবনতি হলে আমি ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজীতে ১৬-০৭-২০২৫ খ্রিঃ তারিখে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করি। উক্ত হাসপাতালে ১৬-০৭-২০২৫ হতে ২০-০৭-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ভর্তি থেকে আমার শরীরিক বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করে আমার ০২টি কিডনী ডেমেজ (অকেজো) মর্মে রিপোর্ট প্রদান করে। ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী এর বিশেষজ্ঞ চিকিৎসকগণ আমার ০২টি কিডনী প্রতিস্থাপন করানোর পরামর্শ দেন। তাছাড়া আপাতঃ সপ্তাহে ০২টি ডায়ালাইসিস (প্রতি ডায়ালাইসিস ২,৭০০/=টাকা) গ্রহণের পরামর্শ দেন। আমার ০২টি কিডনী প্রতিস্থাপনে আনুমানিক খরচ ৩০-৩২ লক্ষ টাকা হতে পারে মর্মে চিকিৎসকগণ আমাকে অবগত করেন। আমি বিচার বিভাগের সর্বনিম্ন বেতনভূক্ত একজন কর্মচারী এবং প্রায় ১৬ বছর যাবত আমি বিচার বিভাগে সেবা দিয়ে যাচ্ছি। আমি আমার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। আমার একটি ছেলে মাদ্রাসায় পড়াশোনা করে এবং একটি ০৪মাসের কন্যা সন্তান রয়েছে। চাকুরীর বর্তমান অবস্থায় আমার পক্ষে এতগুলো টাকা একত্রে সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। তাই অর্থের অভাবে মৃত্যুর মুখে পড়ে আমি জীবন রক্ষার স্বার্থে জরুরী ভিত্তিতে সকল মাননীয় বিচারকবৃন্দ এবং বিচার বিভাগীয় কর্মচারীগণের নিকট আমাকে আর্থিক সহায়তা প্রদানের জন্য আকুল আবেদন করছি।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, উল্লিখিত বিষয়টি সদয়ভাবে বিবেচনা করতঃ আমাকে জরুরী আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মহোদয়ের মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ খালেকুজ্জামান

(মোঃ খালেকুজ্জামান)
জারীকারক (প্রসেস সার্ভার)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
টাঙ্গাইল।
মোবাইল ০১৭১৮-৮৮৩৯৬০

সংযুক্তি-
আমার চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র-

সাহায্য পাঠানোর জন্য ব্যাংক হিসাব নম্বর-
সোনালী ব্যাংক লিমিটেড
কোর্ট বিল্ডিং টাঙ্গাইল শাখা
সঞ্চয়ী হিসাব নম্বরঃ ৬০০৬১০১০০৫২৯১